

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-১০০ (আগরতলা ১৩১০৮)

কমলপুর, ১৩ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

কমলপুর মহকুমায় ১১৮টি ভোট গ্রহণ কেন্দ্র

আসন্ন লোকসভা নির্বাচনে ২-পূর্ব ত্রিপুরা (এসটি) সংসদীয় ক্ষেত্রের কমলপুর মহকুমার ১১৮টি ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে। এরমধ্যে দিব্যাঙ্গজন পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র করা হবে ২টি। এগুলি হল কমলপুর মাদ্রাসা দ্বাদশ শ্রেণী বিদ্যালয় ও মরাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়। মহিলা ভোট গ্রহণ কর্মী দ্বারা পরিচালিত ৪টি ভোট গ্রহণ কেন্দ্র হল কমলছড়ি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, হালঙ্কি এসবি বিদ্যালয়, সোনারাটি এসবি বিদ্যালয় ও কৃষ্ণচন্দ্র দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়। তাছাড়া মহকুমার বড়লুখমা দ্বাদশ শ্রেণী বিদ্যালয় ও পশ্চিম আভাঙ্গা এসবি স্কুলে ২টি ভোট গ্রহণ কেন্দ্র যুব ভোট গ্রহণ কর্মীদের দ্বারা পরিচালিত হবে। কমলপুর মহকুমায় ৪টি মডেল ভোট গ্রহণ কেন্দ্র করা হয়েছে। এগুলি হল কৃষ্ণচন্দ্র দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়, হরচন্দ্র দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, বামনছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং মহারাণী উচ্চ বিদ্যালয়। কমলপুর মহকুমা শাসকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
